রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৪, ২০২১

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৯ কার্তিক, ১৪২৮ মোতাবেক ১৪ নভেম্বর, ২০২১

নিম্নলিখিত বিলটি ২৯ কার্তিক, ১৪২৮ মোতাবেক ১৪ নভেম্বর, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :―

## বা. জা. স. বিল নং ৩২/২০২১

## Boilers Act, 1923 রহিতক্রমে উহা যুগোপযোগী করিয়া প্রণয়নের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু শিল্প কারাখানায় বয়লার দুর্ঘটনার ঝুঁকি হ্রাস, বয়লার ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, মানসম্মত বয়লার নির্মাণ, আমদানি ও রপ্তানি, বয়লার ব্যবহার ও পরিচালনায় নিরাপত্তা নিশ্চিতকরণ এবং শিল্প কারাখানায় অধিকতর নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে Boilers Act, 1923 (Act No. V of 1923) রহিতক্রমে উহা যুগোপযোগী করিয়া প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :―

### প্রথম অধ্যায়

### প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**―(১) এই আইন বয়লার আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**―বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে,―

(১) ‘ইনডেন্টর’ অর্থ বয়লার আমদানির মাধ্যম হিসাবে সহায়তাকারী প্রতিষ্ঠান;

(২) ‘কোড’ অর্থ এই আইনের অধীন প্রণীত বয়লার কোড;


মূল্য : টাকা ৪.০০

(৩) ‘দুর্ঘটনা’ অর্থ কোনো বয়লারে সংঘটিত কোনো বিস্ফোরণ বা কোনো বয়লারের ক্ষতিগ্রস্ত অবস্থা যাহা বয়লারের শক্তি দুর্বল করিয়া বিস্ফোরণ ঘটাইতে পারে;

(৪) ‘পরিদর্শনকারী প্রতিষ্ঠান’ বা ‘পরিদর্শনকারী কর্তৃপক্ষ’ অর্থ বয়লার ও বয়লার কম্পোনেন্ট নির্মাণকালীন পরিদর্শন ও প্রত্যয়নকারী প্রতিষ্ঠান;

(৫) ‘প্রধান বয়লার পরিদর্শক’, ‘উপ-প্রধান বয়লার পরিদর্শক’ ও ‘বয়লার পরিদর্শক’ অর্থ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ‘প্রধান বয়লার পরিদর্শক’, ‘উপ-প্রধান বয়লার পরিদর্শক’ ও ‘বয়লার পরিদর্শক’ হিসাবে সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(৬) ‘ফৌজদারি কার্যবিধি’ অর্থ Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898);

(৭) ‘বয়লার’ অর্থ ২৫ (পঁচিশ) লিটারের অধিক পানি ধারণ ক্ষমতাসম্পন্ন কোনো বদ্ধ আধার বা পাত্র যাহা কেবল পানি হইতে বাষ্প উৎপাদন কার্যে ব্যবহৃত হয় এবং উৎপাদিত বাষ্পের প্রবাহ বাধাগ্রস্ত বা বন্ধ হইবার কারণে উহা সম্পূর্ণ বা আাংশিকভাবে চাপযুক্ত থাকে এবং উক্ত আধার বা পাত্রের সহিত সংযুক্ত কোনো বয়লার কম্পোনেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৮) ‘বয়লার কম্পোনেন্ট’ অর্থ বয়লারে ব্যবহৃত বা সংযুক্ত প্লেট (plate), টিউব (tube), বাষ্প-নল (steam pipe), বাষ্পাধার (steam header) যোগান-নল (feed pipe), স্টিম ড্রাম (steam drum), ওয়াটার ড্রাম (water drum), মাড ড্রাম (mud drum), ফারনেস (furnace), স্টিম স্টপ ভাল্‌ভ (steam stop valve), নিরাপত্তা ভাল্‌ভ (safty valve), ব্লো ডাউন ভাল্‌ভ (blow down valve), ফিড চেক ভাল্‌ভ (feed check valve), ম্যানহোল (manhole), মাডহোল (mudhole), হ্যান্ডহোল (handhole), ইকনোমাইজার (economizer), সুপারহিটার (superheater), এয়ার প্রিহিটার (air preheater), হিট এক্সচেঞ্জার (heat exchanger), ইত্যাদি চাপীয় যন্ত্র বা সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্য কোনো ফিটিংস;

(৯) ‘বয়লার নির্মাণ’ অর্থ বয়লার নির্মাণ বা সংযোজন (fabrication) বা উভয়বিধ কার্য;

(১০) ‘বয়লার নির্মাণকারী’ অর্থ এই আইনের অধীন বয়লার নির্মাণ কার্যে সম্পৃক্ত কোনো ব্যক্তি;

(১১) ‘বয়লার ব্যবহারকারী’ অর্থ বয়লার ব্যবহারকারী কোনো ব্যক্তি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(১২) ‘বয়লার মেরামত’ অর্থ বয়লার কম্পোনেন্ট পরিবর্তন বা সংযোজন বা উভয়বিধ কার্য;

(১৩) ‘বয়লার মেরামতকারী’ অর্থ এই আইনের অধীন বয়লার মেরামত বা রক্ষণাবেক্ষণ কার্যে সম্পৃক্ত কোনো ব্যক্তি;

(১৪) 'বোর্ড' অর্থ ধারা ৬ এর অধীন গঠিত বয়লার বোর্ড;

(১৫) 'বাষ্প-নল (steam pipe)' অর্থ ৭.৬২ সেন্টিমিটারের অধিক অভ্যন্তরীণ ব্যাস বিশিষ্ট নল যাহার মধ্য দিয়া বাষ্প সরাসরি বয়লার হইতে অন্য যে কোনো যন্ত্রে প্রবাহিত হয় এবং বাষ্প-নলের সহিত সংযুক্ত অন্য কোনো ফিটিংসও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৬) 'ব্যক্তি' অর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারি কারবার, ফার্ম বা অন্য কোনো সংস্থা এবং আইনের মাধ্যমে সৃষ্ট কোনো সত্তা বা কৃত্রিম আইনগত সত্তা;

(১৭) 'বিধি' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(১৮) 'লাইসেন্সধারী ব্যক্তি' অর্থ ধারা ৯ এর অধীন বয়লার পরিচালনার জন্য লাইসেন্স প্রাপ্ত কোনো ব্যক্তি; এবং

(১৯) 'ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা' অর্থ প্রধান বয়লার পরিদর্শক, সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রেট বা তৎকর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি।

৩। **প্রয়োগের সীমাবদ্ধতা।**—(১) কোনো জাহাজ, জলযান, রেল বা সড়কে চলাচলকারী যানবাহনে ব্যবহৃত বয়লারের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হইবে না।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোনো বিশেষায়িত শ্রেণির বয়লারকে এই আইনের প্রযোজ্যতা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

## দ্বিতীয় অধ্যায়

## প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, প্রধান বয়লার পরিদর্শকের কার্যাবলি, বোর্ড, ইত্যাদি

৪। **প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রধান বয়লার পরিদর্শকের একটি কার্যালয় থাকিবে।

(২) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ঢাকায় থাকিবে, তবে সরকার, প্রয়োজনে, দেশের যে কোনো স্থানে উহার আঞ্চলিক কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৫। **প্রধান বয়লার পরিদর্শকের কার্যাবলি।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রধান বয়লার পরিদর্শকের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) স্থানীয়ভাবে নির্মিত বয়লারের মান নিয়ন্ত্রণ করা;

(খ) আমদানিকৃত বয়লারের মান যাচাইকরণ;

(গ) মানসম্মত ও নিরাপদ বয়লার ব্যবহার নিশ্চিতকরণ;

(ঘ) বয়লার পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করা;

(ঙ) বয়লার নির্মাণ ও মেরামতের ক্ষেত্রে নির্মাণকারী, মেরামতকারী, পরিদর্শনকারী প্রতিষ্ঠান ও ঝালাই (welding) পরীক্ষণকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তকরণ;

(চ) বয়লার আমদানির ক্ষেত্রে কোড এবং পরিদর্শনকারী প্রতিষ্ঠান ও ইনডেন্টর তালিকাভুক্তকরণ;

(ছ) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারী, বয়লার নির্মাণকারী, বয়লার ব্যবহারকারী, বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠান, ইনডেন্টর, ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠান, বয়লার পরিচালনার জন্য লাইসেন্স প্রার্থী বা বয়লার পরিচালনার কাজে নিয়োজিত ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তকরণ;

(জ) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য দফা (ছ) এ বর্ণিত প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান দ্বারা বা অন্য কোনোভাবে প্রশিক্ষণের আয়োজন করা; এবং

(ঝ) সরকার কর্তৃক, সময় সময়, অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

৬। **বয়লার বোর্ড।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, আদেশ দ্বারা, বয়লার বোর্ড নামে একটি বোর্ড গঠন করিবে।

(২) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথা :—

(ক) সচিব, শিল্প মন্ত্রণালয় বা, তৎকর্তৃক মনোনীত কোনো কর্মকর্তা, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত উক্ত বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগের একজন অধ্যাপক;

(গ) সরকার কর্তৃক মনোনীত কোনো বয়লার ব্যবহারকারী সরকারি প্রতিষ্ঠান হইতে বয়লার সম্পর্কে অভিজ্ঞ একজন যন্ত্রপ্রকৌশলী;

(ঘ) বয়লার নির্মাণকারী পেশাজীবী সংগঠন কর্তৃক মনোনীত কোনো বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠান হইতে বয়লার সম্পর্কে অভিজ্ঞ একজন যন্ত্রপ্রকৌশলী;

(ঙ) বয়লার ব্যবহারকারী পেশাজীবী সংগঠন কর্তৃক মনোনীত কোনো বয়লার ব্যবহারকারী প্রতিষ্ঠান হইতে বয়লার সম্পর্কে অভিজ্ঞ একজন যন্ত্রপ্রকৌশলী;

(চ) সরকার কর্তৃক মনোনীত কোনো প্রাক্তন প্রধান বয়লার পরিদর্শক বা উপ-প্রধান বয়লার পরিদর্শক;

(ছ) শিল্প মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট যুগ্মসচিব বা উপসচিব; এবং

(জ) প্রধান বয়লার পরিদর্শক, যিনি ইহার সদস্য সচিবও হইবেন।

(৩) দফা (খ) হইতে (চ) তে বর্ণিত মনোনীত সদস্যগণের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর :

তবে শর্ত থাকে যে, কোনো মনোনীত সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন :

আরও শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোনো সময় কারণ দর্শানো ব্যতিরেকে কোনো মনোনীত সদস্যকে অপসারণ করিতে পারিবে।

(৪) কোনো সদস্য পদের শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকিবার কারণে বোর্ডের কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোনো আদালতে বা অন্য কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(৫) বোর্ডের সদস্যগণ বোর্ডের সভায় উপস্থিতির জন্য এবং তাহাদের কার্যপরিধিভুক্ত কোনো বিষয়ে পরিদর্শনের জন্য বিধি দ্বারা নির্ধারিত সম্মানি প্রাপ্য হইবেন।

৭। **বোর্ডের কার্যাবলি।**— বোর্ডের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) বয়লার নির্মাণ, আমদানি, স্থাপন, ব্যবহার ও মেরামত বিষয়ক কোড প্রণয়নের বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রদান;

(খ) বয়লার নির্মাণ ও মেরামতের ক্ষেত্রে বয়লার নির্মাণকারী, মেরামতকারী, পরিদর্শনকারী প্রতিষ্ঠান ও ঝালাই পরীক্ষণ কাজে সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা অনুমোদন;

(গ) আমদানিকৃত বয়লারের ক্ষেত্রে বয়লার নির্মাণ কোডের তালিকা অনুমোদন;

(ঘ) আমদানিকৃত বয়লারের ক্ষেত্রে পরিদর্শনকারী প্রতিষ্ঠান ও ইনডেন্টরের তালিকা অনুমোদন;

(ঙ) বয়লার বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তকরণের বিষয়ে অনুমোদন প্রদান;

(চ) প্রাপ্ত আপিল আবেদন নিষ্পত্তিকরণ; এবং

(ছ) সরকার কর্তৃক, সময় সময়, অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

৮। **বোর্ডের সভা**।—(১) এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ডের সভা চেয়ারম্যানের সম্মতিক্রমে, উহার সদস্য সচিব কর্তৃক আহুত হইবে এবং উহা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

(৩) অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে বোর্ডের কোরাম হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

(৪) বোর্ড, প্রয়োজনে, কোনো বিশেষজ্ঞ ব্যক্তিকে বোর্ডের সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

(৫) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন, তবে চেয়ারম্যানের অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।

(৬) বোর্ডের সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যগণের ভোটে সকল সিদ্ধান্ত গৃহীত হইবে।

(৭) বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে, সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে :

তবে শর্ত থাকে যে, বোর্ডের সভায় কো-অপ্টকৃত সদস্যের কোনো ভোটাধিকার থাকিবে না।

(৮) প্রতি বৎসর বোর্ডের অন্যূন ৩ (তিন) টি সভা অনুষ্ঠান করিতে হইবে।

## তৃতীয় অধ্যায়

## বয়লার পরিচালনা লাইসেন্স, বয়লারের প্রকারভেদ, তালিকাভুক্তি, ইত্যাদি

৯। **বয়লার পরিচালনা লাইসেন্স**।—(১) বয়লার পরিচালনা লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি ব্যতীত কেহ বয়লার পরিচালনা করিতে পারিবেন না।

(২) বয়লার পরিচালনা লাইসেন্স প্রাপ্তির জন্য প্রধান বয়লার পরিদর্শক বা, ক্ষেত্রমত, তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার নিকট আবেদন দাখিল করিতে হইবে।

(৩) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত পরীক্ষক কমিটি পরীক্ষা গ্রহণপূর্বক লাইসেন্স প্রদানের জন্য সুপারিশ প্রদান করিবে।

(৪) পরীক্ষক কমিটির গঠন, কার্যপরিধি, সম্মানি ও অন্যান্য বিষয় বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৫) উপ-ধারা (৩) এর অধীন সুপারিশ প্রাপ্তির পর প্রধান বয়লার পরিদর্শক বয়লার পরিচালনা লাইসেন্স প্রদান করিবেন।

(৬) বয়লার পরিচালনা লাইসেন্সের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর এবং উহা নবায়নযোগ্য হইবে।

(৭) বয়লার পরিচালনা লাইসেন্স গ্রহণের জন্য উহার শ্রেণি অনুযায়ী যোগ্যতা, পরীক্ষা, ফি এবং লাইসেন্স প্রদানের জন্য অনুসরণীয় পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

১০। **বয়লার পরিচালনা লাইসেন্স নবায়ন**।—(১) বয়লার পরিচালনা লাইসেন্স নবায়নের জন্য প্রধান বয়লার পরিদর্শক বা, ক্ষেত্রমত, তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার নিকট আবেদন দাখিল করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত আবেদনের সহিত ফি ও প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করিতে হইবে।

(৩) বিধি দ্বারা নির্ধারিত কারণ ও পদ্ধতিতে বয়লার পরিচালনা লাইসেন্স নবায়নের আবেদন নামঞ্জুর বা প্রত্যাখ্যান করা যাইবে।

(৪) এই ধারায় যাহা কিছুই থাকুক না কেন, ধারা ১২ এর উপ-ধারা (৩) এর অধীন গ্রেড-২ এবং গ্রেড-৩ লাইসেন্সধারী হিসাবে গণ্যকৃত ব্যক্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল গণ্যে তাহার পরিচালনা লাইসেন্স নবায়ন করা যাইবে।

(৫) বয়লার পরিচালনা লাইসেন্স নবায়নের জন্য আবেদন দাখিলের পদ্ধতি, ফি, নবায়ন প্রক্রিয়া ও অন্যান্য শর্তাদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

১১। **বয়লার পরিচালনা লাইসেন্স বাতিল**।—(১) প্রধান বয়লার পরিদর্শক নিম্নবর্ণিত যে কোনো কারণে বয়লার পরিচালনা লাইসেন্স বাতিল করিতে পারিবেন, যথা :—

(ক) মিথ্যা তথ্য বা দলিলের মাধ্যমে বয়লার পরিচালনা লাইসেন্স গ্রহণ করা হইলে;

(খ) লাইসেন্সধারী ব্যক্তির দায়িত্বে অবহেলার কারণে বয়লার ক্ষতিগ্রস্ত হইলে বা দুর্ঘটনা ঘটিলে;

(গ) লাইসেন্সধারী ব্যক্তি শারীরিক অক্ষমতার কারণে বয়লার পরিচালনায় অপারগ হইলে; এবং

(ঘ) বয়লার পরিচালনা লাইসেন্স নবায়নের আবেদন প্রত্যাখ্যান করা হইলে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বয়লার পরিচালনা লাইসেন্স বাতিল করিবার পূর্বে লাইসেন্সধারী ব্যক্তিকে ১৫ (পনেরো) দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিতে হইবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন বয়লার পরিচালনা লাইসেন্স বাতিল করা হইলে লাইসেন্সধারী ব্যক্তিকে লিখিতভাবে উহার কারণ অবহিত করিতে হইবে।

(৪) বয়লার পরিচালনা লাইসেন্স বাতিলের পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

১২। **বয়লার পরিচালনা লাইসেন্সের শ্রেণি**।—(১) এই আইনের অধীন বয়লার পরিচালনা লাইসেন্স ৩ (তিন) শ্রেণির হইবে, যথা :—

(ক) গ্রেড-১: যে কোনো ধারণ ক্ষমতার একক বা সংযুক্ত বয়লার পরিচালনার জন্য;

(খ) গ্রেড-২: যে কোনো একক বা পৃথক বা সংযুক্ত বয়লারের সেট, যাহার তাপতল ৫ (পাঁচ) হাজার বর্গফুটের অধিক হইবে না, পরিচালনার জন্য;

(গ) গ্রেড-৩: যে কোনো একক বা পৃথক বা সংযুক্ত বয়লারের সেট, যাহার তাপতল ১,৫০০ (এক হাজার পাঁচশত) বর্গফুটের অধিক হইবে না, পরিচালনার জন্য।

(২) যে ক্ষেত্রে লাইসেন্সধারী ব্যক্তি একাধিক বয়লার পরিচালনার দায়িত্বে নিয়োজিত থাকেন সেই ক্ষেত্রে অনুরূপ বয়লারগুলি অবশ্যই একই ব্যবহারকারীর হইতে হইবে এবং একই এলাকায় ১ (এক) শত ফুট ব্যাসার্ধের মধ্যে অবস্থিত হইতে হইবে।

(৩) বয়লার পরিচালনার ক্ষেত্রে বিদ্যমান প্রথম শ্রেণি ও দ্বিতীয় শ্রেণির সনদ এই আইনে বর্ণিত যথাক্রমে, গ্রেড-২ এবং গ্রেড-৩ লাইসেন্স হিসাবে গণ্য হইবে।

১৩। **বয়লারের প্রকারভেদ**।—(১) নিম্নরূপ ৩ (তিন) প্রকার বয়লার নির্মাণ করা যাইবে, যথা :—

(ক) ইলেকট্রোড বয়লার;

(খ) স্মল ইন্ডাস্ট্রিয়াল বয়লার; এবং

(গ) ইন্ডাস্ট্রিয়াল বয়লার।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত বয়লারের ধরন অনুসারে উহার ধারণ ক্ষমতা, বাষ্পচাপ ও আয়ুস্কাল বিধি দ্বারা নির্ধারিত হইবে।

১৪। **বয়লার নির্মাণকারী, মেরামতকারী, পরিদর্শনকারী প্রতিষ্ঠান, ইনডেন্টর ও ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠানের তালিকাভুক্তি**।—(১) বয়লার নির্মাণকারী, মেরামতকারী, পরিদর্শনকারী প্রতিষ্ঠান, ইনডেন্টর ও ঝালাই পরিক্ষণ প্রতিষ্ঠানকে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে তালিকাভুক্ত হইতে হইবে।

(২) প্রধান বয়লার পরিদর্শক, বোর্ডের অনুমোদনক্রমে, উপ-ধারা (১) এ বর্ণিত তালিকাভুক্ত করিবেন।

(৩) তালিকাভুক্তির পদ্ধতি ও ফি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৪) উপ-ধারা (১) এ বর্ণিত তালিকাভুক্তির জন্য বিধি ও কোড দ্বারা নির্ধারিত যোগ্যতা থাকিতে হইবে।

(৫) উপ-ধারা (১) এ বর্ণিত তালিকা, সময় সময়, হালনাগাদপূর্বক সংরক্ষণ ও প্রকাশ করিতে হইবে।

(৬) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রধান বয়লার পরিদর্শক নির্মাণকালীন যে কোনো বয়লার পরিদর্শন ও প্রত্যয়ন করিতে পারিবেন।

## চতুর্থ অধ্যায়

## বয়লার নির্মাণ, আমদানি ও রপ্তানি

১৫। **বয়লার নির্মাণ**।—(১) কোনো ব্যক্তি বাংলাদেশের অভ্যন্তরে ব্যবহারের নিমিত্ত অথবা বিদেশে রপ্তানির জন্য স্থানীয়ভাবে বয়লার নির্মাণ করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন বয়লার নির্মাণের জন্য নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন করিতে হইবে, যথা :—

(ক) বিধি ও কোড মোতাবেক বয়লার নির্মাণের উপযুক্ত স্থান, অবকাঠামো, যন্ত্রপাতি ও জনবল থাকিতে হইবে;

(খ) এই আইন, বিধি ও কোড দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে;

(গ) বিধি দ্বারা নির্ধারিত ফি প্রদান করিতে হইবে;

(ঘ) বয়লার ডিজাইন ও ড্রইং প্রধান বয়লার পরিদর্শক বা, ক্ষেত্রমত, পরিদর্শনকারী প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত হইতে হইবে;

(ঙ) বয়লার নির্মাণের সময় বিভিন্ন ধাপে প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিদর্শন ও পরীক্ষণ করিতে হইবে;

(চ) বয়লার নির্মাণের জন্য ঝালাই পরীক্ষণের কার্য তালিকাভুক্ত ব্যক্তি কর্তৃক সম্পাদিত হইতে হইবে;

(ছ) প্রধান বয়লার পরিদর্শক বা, ক্ষেত্রমত, পরিদর্শনকারী প্রতিষ্ঠান হইতে বয়লার নির্মাণ সংক্রান্ত প্রত্যয়ন গ্রহণ করিতে হইবে; এবং

(জ) কোড অনুযায়ী মানসম্মত মাউন্টিং ও ফিটিংস ব্যবহার করিতে হইবে।

(৩) উপ-ধারা (২) এ বর্ণিত শর্তাবলি প্রতিপালন ব্যতিরেকে বয়লার নির্মাণ করা হইলে বয়লার নিবন্ধন নামঞ্জুর করা যাইবে।

১৬। **বয়লার আমদানি**।—(১) কোনো ব্যক্তি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের অভ্যন্তরে ব্যবহার অথবা বিক্রয়ের জন্য বয়লার আমদানি করিতে পারিবেন, যথা :—

(ক) আমদানিকৃত বয়লার, বোর্ড কর্তৃক স্বীকৃত কোনো কোড অনুসরণ এবং বোর্ড কর্তৃক স্বীকৃত কোনো পরিদর্শনকারী প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নির্মাণ করিতে হইবে;

(খ) কোডে বর্ণিত ফরমে সংশ্লিষ্ট পরিদর্শনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত "পরিদর্শন সনদ" গ্রহণ করিতে হইবে; এবং

(গ) ইনডেন্টরের মাধ্যমে বয়লার আমদানি করিবার ক্ষেত্রে তালিকাভুক্ত ইনডেন্টরের মাধ্যমে উহা আমদানি করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত শর্তাবলি প্রতিপালন ব্যতিরেকে বয়লার আমদানি করা হইলে বয়লার নিবন্ধন নামঞ্জুর করা যাইবে।

১৭। **বয়লার রপ্তানি**।—এই আইনের অধীন নির্মিত কোনো বয়লার প্রচলিত রপ্তানি নীতি অনুসরণপূর্বক রপ্তানি করা যাইবে।

## পঞ্চম অধ্যায়

## বয়লার ব্যবহার, বয়লার ব্যবহারের জন্য নিবন্ধন ও সনদ, বয়লার হস্তান্তর বা স্থানান্তর এবং বয়লার মেরামত

১৮। **বয়লার ব্যবহারের জন্য নিবন্ধন ও সনদ গ্রহণ**।—(১) বাংলাদেশের অভ্যন্তরে কোনো বয়লার ব্যবহারের জন্য প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে নিবন্ধন করিতে হইবে।

(২) কোনো ব্যক্তি বা বয়লার ব্যবহারকারীকে উপ-ধারা (১) এর অধীন নিবন্ধন প্রাপ্তির জন্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণ এবং নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে প্রধান বয়লার পরিদর্শক বরাবর আবেদন দাখিল করিতে হইবে।

(৩) প্রধান বয়লার পরিদর্শক বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক আবেদনকারীর আবেদন মঞ্জুর বা নামঞ্জুর করিতে পারিবেন।

(৪) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক কোনো আবেদনকারীর আবেদন মঞ্জুর করা হইলে তাহাকে নিবন্ধন নম্বর প্রদান করা হইবে, যাহা বিধি ও কোড দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বয়লারের গায়ে স্থায়ীভাবে অঙ্কন বা সংযোজন করিতে হইবে।

(৫) আবেদনকারীর আবেদন মঞ্জুর করা হইলে সংশ্লিষ্ট উপ-প্রধান বয়লার পরিদর্শক বয়লার ব্যবহারকারী বরাবর নিবন্ধনপত্র ও বয়লার ব্যবহারের সনদ ইস্যু করিবেন।

(৬) আবেদনকারীর আবেদন না মঞ্জুর করা হইলে তাহাকে লিখিতভাবে নামঞ্জুর করিবার কারণ অবহিত করিতে হইবে।

(৭) বয়লার ব্যবহারের সনদের মেয়াদ হইবে ১ (এক) বৎসর এবং উহা নবায়নযোগ্য হইবে।

১৯। **বয়লার ব্যবহারের সনদ নবায়ন।**—(১) বয়লার ব্যবহারের সনদ নবায়নের জন্য প্রধান বয়লার পরিদর্শক বা, ক্ষেত্রমত, তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার নিকট আবেদন দাখিল করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত আবেদনের সহিত ফি ও প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করিতে হইবে।

(৩) বিধি দ্বারা নির্ধারিত কারণ ও পদ্ধতিতে নবায়নের আবেদন নামঞ্জুর বা প্রত্যাখ্যান করা যাইবে।

(৪) বয়লার ব্যবহারের সনদের মেয়াদ উত্তীর্ণের ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত বিলম্ব ফি আদায়পূর্বক নবায়ন করা যাইবে।

(৫) বয়লার ব্যবহারের সনদ নবায়নের জন্য আবেদন দাখিলের পদ্ধতি, ফি, নবায়ন প্রক্রিয়া ও অন্যান্য শর্তাদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

২০। **বয়লারের নিবন্ধন বাতিল।**—(১) প্রধান বয়লার পরিদর্শক নিম্নবর্ণিত যে কোনো কারণে বয়লারের নিবন্ধন বাতিল করিতে পারিবেন, যথা :—

(ক) মিথ্যা তথ্য বা দলিলের মাধ্যমে নিবন্ধন গ্রহণ করা হইলে;

(খ) নিবন্ধিত বয়লার ক্ষতিগ্রস্ত হইলে বা কর্মোপযোগী না থাকিলে;

(গ) ধারা ২৪ এ বর্ণিত শর্তাদি অনুসরণ ব্যতিরেকে বয়লার মেরামত করিলে; এবং

(ঘ) বয়লার ব্যবহারের সনদ নবায়নের আবেদন প্রত্যাখ্যান করা হইলে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বয়লারের নিবন্ধন বাতিল করিবার পূর্বে বয়লার ব্যবহারকারীকে ১৫ (পনেরো) দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিতে হইবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন বয়লারের নিবন্ধন বাতিল করা হইলে বয়লার ব্যবহারকারীকে লিখিতভাবে উহার কারণ অবহিত করিতে হইবে।

(৪) নিবন্ধন বাতিলের পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

২১। **বয়লার ব্যবহার বিধি-নিষেধ।**—এই আইনে ভিন্নরূপ কোনো বিধান না থাকিলে, কোনো বয়লার ব্যবহারকারী বয়লার ব্যবহার করিতে অথবা বয়লারটি ব্যবহারের অনুমতি প্রদান করিতে পারিবেন না, যদি—

(ক) এই আইনের বিধান অনুসারে বয়লার নিবন্ধিত না হয়;

(খ) কোনো বয়লার ক্ষতিগ্রস্ত হয় বা কর্মোপযোগী না থাকে;

(গ) বয়লার ব্যবহারের জন্য প্রদত্ত সনদের মেয়াদ উত্তীর্ণ হয়;

(ঘ) বয়লার ব্যবহারের সনদে উল্লিখিত নির্ধারিত চাপের অধিক চাপে বয়লার ব্যবহার করা হয়;

(ঙ) উপযুক্ত লাইসেন্সধারী ব্যক্তির তত্ত্বাবধানে বয়লার পরিচালনা না করা হয়;

(চ) বয়লারে ব্যবহৃত পানির মান-মাত্রা বিধি ও কোড অনুযায়ী নিয়ন্ত্রণে না থাকে;

(ছ) ধারা ২৩ এ বর্ণিত শর্তাদি অনুসরণ ব্যতিরেকে বয়লার হস্তান্তর বা স্থানান্তর করা হয়; এবং

(জ) ধারা ২৪ এ বর্ণিত শর্তাদি অনুসরণ ব্যতিরেকে বয়লার মেরামত করা হয়।

২২। **বয়লার ব্যবহারকারীর দায়িত্ব**।—(১) এই আইনের অধীন বয়লার ব্যবহারকারীর দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা :—

(ক) বিদ্যমান বিল্ডিং কোড অনুসরণপূর্বক বয়লার হাউস বা বয়লার রুম নির্মাণ;

(খ) এই আইন, বিধি ও কোড অনুযায়ী নির্মিত বয়লার ক্রয় বা আমদানি ও ব্যবহার;

(গ) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক প্রদত্ত নিবন্ধন নম্বর বয়লারের গায়ে স্থায়ীভাবে অঙ্কন বা সংযোজন;

(ঘ) বয়লারের গায়ে স্থায়ীভাবে অঙ্কিন বা সংযোজিত নিবন্ধন নম্বর অবিকৃত অবস্থায় সংরক্ষণ;

(ঙ) উপযুক্ত লাইসেন্সধারী ব্যক্তি কর্তৃক বয়লার পরিচালনা;

(চ) বয়লারের বাষ্প, বর্জ্য বা অন্য কোনো কার্য দ্বারা পরিবেশের ক্ষতিসাধন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ছ) বয়লার সংশ্লিষ্ট কার্যে নিয়োজিত শ্রমিকের জন্য স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিতকরণ;

(জ) বয়লার পরিদর্শক কর্তৃক বয়লার পরীক্ষণের সময় বয়লার পরিদর্শককে বয়লারের নকশা, নির্দেশিকা, নিবন্ধনপত্র, সনদ এবং চাহিত অন্যান্য তথ্য প্রদানসহ সকল ধরনের সহযোগিতা প্রদান;

(ঝ) পরিদর্শন ও জলীয় পরীক্ষণের সময় বয়লারটি প্রস্তুত রাখা;

(ঞ) বয়লার ব্যবহার সাময়িকভাবে বন্ধ রাখিলে উহা সংশ্লিষ্ট উপ-প্রধান বয়লার পরিদর্শককে লিখিতভাবে অবহিতকরণ; এবং

(ট) সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন।

(২) উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী বয়লার ব্যবহারকারী দায়িত্ব পালনে ব্যর্থ হইলে বা অবহেলা করিলে বয়লার নিবন্ধনের আবেদন বা বয়লার ব্যবহারের সনদ নবায়নের আবেদন নামঞ্জুর করা যাইবে।

২৩। **বয়লার হস্তান্তর বা স্থানান্তর**।—(১) প্রধান বয়লার পরিদর্শককে অবহিতক্রমে বয়লার ব্যবহারকারী তাহার বয়লার হস্তান্তর বা স্থানান্তর করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন বয়লার হস্তান্তর বা স্থানান্তর করা হইলে উহার ব্যবহারকারীকে উহার নিবন্ধনপত্র বা বয়লার ব্যবহারের সনদ ও অন্যান্য দলিলাদি হস্তান্তর করিতে হইবে।

(৩) নূতন ব্যবহারকারীকে পূর্বের ব্যবহারকারীর নাম পরিবর্তন করিয়া তাহার নামে সনদ গ্রহণ করিতে হইবে।

(৪) বয়লার হস্তান্তর বা স্থানান্তর ও ব্যবহারকারীর নাম পরিবর্তনের পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

২৪। **বয়লার মেরামত**।—কোনো ব্যক্তি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তাহার অধীনে ব্যবহৃত বয়লার মেরামত করিতে পারিবেন, যথা:—

(ক) মেরামতের বিষয়ে প্রধান বয়লার পরিদর্শককে লিখিতভাবে অবহিত করিতে হইবে;

(খ) মেরামত কার্যে কোড অনুসরণ করিতে হইবে;

(গ) ধারা ১৪ এর অধীন তালিকাভুক্ত মেরামতকারী কর্তৃক মেরামত কার্য সম্পাদন করিতে হইবে; এবং

(ঘ) মেরামতের সময় বিভিন্ন ধাপে বয়লার পরিদর্শক কর্তৃক পরিদর্শন ও পরীক্ষণ করিতে হইবে।

## ষষ্ঠ অধ্যায়

## বয়লার পরিদর্শন, তাৎক্ষণিকভাবে বয়লার বন্ধকরণ ও বয়লার দুর্ঘটনা

২৫। **পরিদর্শন ও প্রবেশের ক্ষমতা**।—কোনো ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা স্বীয় অধিক্ষেত্রভুক্ত এলাকার বয়লার পরিদর্শক, কোনো বয়লার পরিদর্শন বা পরীক্ষা বা এই আইন, বিধি ও কোড প্রতিপালন নিশ্চিতকরণের উদ্দেশ্যে, যে কোনো স্থান বা ভবনে যুক্তিযুক্ত সময়ে প্রবেশ করিতে পারিবেন।

২৬। **নিবন্ধন পত্র, সদন ও অন্যান্য দলিল উপস্থাপন**।—কোনো ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যে কোনো সময় কোনো বয়লারের নিবন্ধনপত্র, পরিচালনা লাইসেন্স, বয়লার ব্যবহারের সনদ বা অন্যান্য দলিলাদি উপস্থাপনের নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং উক্তরূপে নির্দেশপ্রাপ্ত হইলে সংশ্লিষ্ট ব্যক্তি উহা উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

২৭। **বয়লার তাৎক্ষণিকভাবে বন্ধকরণের ক্ষমতা**।—(১) এই আইন, বিধি ও কোড বহির্ভূতভাবে বয়লার ব্যবহারের তথ্য গোচরীভূত হইলে বা নিবন্ধনপত্র সনদ বা অন্যান্য দলিলাদি উপস্থাপনে ব্যর্থ হইলে বা বয়লারের ক্ষতিগ্রস্ততার কারণে দুর্ঘটনার আশঙ্কা পরিলক্ষিত হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা স্বীয় অধিক্ষেত্রভুক্ত এলাকার বয়লার পরিদর্শক উহার ব্যবহার তাৎক্ষণিকভাবে বন্ধ করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোনো ক্ষমতা প্রয়োগ বা কার্য সম্পাদনের উদ্দেশ্যে প্রধান বয়লার পরিদর্শক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা আইন প্রয়োগকারী সংস্থা বা অন্য কোনো সরকারি বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহায়তা করিবার জন্য অনুরোধ করিতে পারিবেন এবং এইরূপ অনুরোধ করা হইলে উক্ত সংস্থা বা কর্তৃপক্ষ উক্ত সহায়তা প্রদান করিবে।

২৮। **বয়লার দুর্ঘটনার প্রতিবেদন ও তদন্ত**।—(১) যদি বয়লার সংশ্লিষ্ট কোনো দুর্ঘটনা ঘটে, তাহা হইলে উহার ব্যবহারকারীকে দুর্ঘটনা ঘটিবার পর তাৎক্ষণিকভাবে প্রধান বয়লার পরিদর্শক বা সংশ্লিষ্ট উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট লিখিতভাবে উক্ত দুর্ঘটনার তথ্য বা সংবাদ প্রদান করিতে হইবে।

(২) উক্ত সংবাদ বা তথ্য প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপ-প্রধান বয়লার পরিদর্শক বা, ক্ষেত্রমত, বয়লার পরিদর্শক ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে সরেজমিনে বয়লারটি পরিদর্শনপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, উপ-প্রধান বয়লার পরিদর্শক বা, ক্ষেত্রমত, বয়লার পরিদর্শক দুর্ঘটনার কারণ, প্রকৃতি বা ব্যাপ্তি সম্পর্কে লিখিতভাবে যে তথ্য জানিতে চাহিবেন সংশ্লিষ্ট ব্যক্তি উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(৪) উপ-ধারা (২) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর প্রধান বয়লার পরিদর্শক বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে একটি তদন্ত কমিটি গঠন করিবেন এবং উক্ত কমিটি তদন্তপূর্বক তাহার নিকট সুপারিশ পেশ করিবে।

২৯। **দুর্ঘটনার দায়-দায়িত্ব**।—(১) বয়লার সংশ্লিষ্ট কোনো দুর্ঘটনা সংঘটিত হইলে সংশ্লিষ্ট বয়লার ব্যবহারকারী, পরিচালক বা বয়লার পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি উক্ত দুর্ঘটনার জন্য দায়ী হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত দুর্ঘটনা প্রতিরোধে তিনি যুক্তিসঙ্গত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

(২) কোনো দুর্ঘটনার জন্য প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের কোনো কর্মচারী দায়িত্বে অবহেলা বা অন্য কোনো কারণে দায়ী হইলে প্রধান বয়লার পরিদর্শক উক্ত কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

৩০। **দুর্ঘটনার ক্ষতিপূরণ**।—ধারা ২৮ এর উপ-ধারা (৪) এর অধীন গঠিত তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে প্রধান বয়লার পরিদর্শক দুর্ঘটনার জন্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দায়ী ব্যক্তি কর্তৃক ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ক্ষতিপূরণের নির্দেশ প্রদান করিতে পারিবেন।

## সপ্তম অধ্যায়

## প্রশাসনিক জরিমানা, আদেশের বিরুদ্ধে আপিল ও ফি আদায়

৩১। **প্রশাসনিক জরিমানা ও আরোপের ক্ষমতা** ।—(১) প্রধান বয়লার পরিদর্শক নিম্নবর্ণিত ক্ষেত্রে নির্ধারিত পদ্ধতিতে, কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া, অনধিক ১ (এক) লক্ষ টাকা এবং উক্তরূপ লঙ্ঘনের পুনরাবৃত্তিতে দ্বিগুণ প্রশাসনিক জরিমানা আরোপ করিতে পারিবেন, যথা:—

(ক) কোনো বয়লার ব্যবহারের সনদ নবায়ন ব্যতীত ব্যবহার;

(খ) কোনো নিবন্ধিত বয়লার নির্ধারিত সর্বোচ্চ কার্যকরী চাপ অপেক্ষা অধিক চাপে ব্যবহার বা বয়লারের নিরাপত্তা ভাল্ভ এইরূপে পরিবর্তন (temper) করা, যাহার ফলে উহা নির্ধারিত সর্বোচ্চ কার্যকরী চাপে ব্যবহার করা সম্ভব না হয়;

(গ) উপযুক্ত লাইসেন্সধারী ব্যতীত অন্য কাহারো দ্বারা বয়লার পরিচালনা;

(ঘ) বয়লারে ব্যবহৃত পানির মান-মাত্রা নিয়ন্ত্রণ ব্যতিরেকে উহা ব্যবহার; এবং

(ঙ) এই আইন বা বিধি দ্বারা অপরাধ হিসাবে চিহ্নিত করা হয় নাই এইরূপ কোনো কার্য সংঘটন।

(২) এই ধারার অধীন আরোপিত ও আদায়কৃত প্রশাসনিক জরিমানার অর্থ সরকার কর্তৃক নির্ধারিত খাতে জমা করিতে হইবে।

৩২। **প্রধান বয়লার পরিদর্শকের নিকট আপীল**।—প্রধান বয়লার পরিদর্শক ব্যতীত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুদ্ধ ব্যক্তি উক্ত আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রধান বয়লার পরিদর্শকের নিকট আপিল আবেদন দাখিল করিতে পারিবেন।

(২) প্রধান বয়লার পরিদর্শক উক্ত আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিবেন।

(৩) আপিল নিষ্পত্তির পদ্ধতি এবং অন্যান্য বিষয়াদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

৩৩। **বোর্ডের নিকট আপিল**।—(১) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুদ্ধ ব্যক্তি উক্ত আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের নিকট আপিল আবেদন দাখিল করিতে পারিবেন।

(২) বোর্ড উক্ত আপিল আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিবে।

(৩) আপিল নিষ্পত্তির পদ্ধতি এবং অন্যান্য বিষয়াদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

৩৪। **ফি, ইত্যাদি আদায়**।—এই আইনের অধীন আরোপিত ফি, খরচ এবং প্রশাসনিক জরিমানা Public Demands Recovery Act, 1913 (Act No. III of 1913) এর বিধান অনুযায়ী সরকারি দাবি হিসাবে আদায়যোগ্য হইবে।

## অষ্টম অধ্যায়
## কর্মকর্তা ও কর্মচারী

৩৫। **প্রধান বয়লার পরিদর্শক এবং অন্যান্য কর্মচারী নিয়োগ**।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের জন্য অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রধান বয়লার পরিদর্শক এবং প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(২) কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি ও চাকরির অন্যান্য শর্তাদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

## নবম অধ্যায়
## অপরাধ ও দণ্ড

৩৬। **বয়লার পরিচালনা লাইসেন্স সংক্রান্ত ধারা ৯ এর বিধান লঙ্ঘনের দণ্ড**।—যদি কোনো ব্যক্তি ধারা ৯ এর উপ-ধারা (১) লঙ্ঘন করিয়া বয়লার পরিচালনা লাইসেন্স ব্যতীত কোনো বয়লার পরিচালনা করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৭। **বয়লার নির্মাণ সংক্রান্ত ধারা ১৫ এর বিধান লঙ্ঘনের দণ্ড**।—যদি কোনো ব্যক্তি ধারা ১৫ এর উপ-ধারা (২) এ বর্ণিত শর্তাবলি ভঙ্গ করিয়া কোনো বয়লার নির্মাণ করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৮। **বয়লার ব্যবহারের জন্য নিবন্ধন সংক্রান্ত ধারা ১৮ এর বিধান লঙ্ঘনের দণ্ড**।—যদি কোনো ব্যক্তি ধারা ১৮ এর উপ-ধারা (১) এ বর্ণিত শর্ত ভঙ্গ করিয়া কোনো বয়লার নিবন্ধন গ্রহণ ব্যতীত ব্যবহার করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৯। **বয়লার ব্যবহারে বিধি-নিষেধ সংক্রান্ত ধারা ২১ এর বিধান লঙ্ঘনের দণ্ড**।—যদি কোনো ব্যক্তি ধারা ২১ এ বর্ণিত বিধি-নিষেধ ভঙ্গ করিয়া কোনো বয়লার ব্যবহার করেন বা অন্য কোনো ব্যক্তিকে বয়লার ব্যবহারের অনুমতি প্রদান করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪০। **বয়লার ব্যবহারকারীর দায়িত্ব সংক্রান্ত ধারা ২২ এর বিধান লঙ্ঘনের দণ্ড।**—যদি কোনো ব্যক্তি ধারা ২২ এর উপ-ধারা (১) এর দফা (গ) ও (ঘ) লঙ্ঘন করিয়া বয়লারের গায়ে স্থায়ীভাবে অঙ্কিত বা সংযোজিত নিবন্ধন নম্বর অপসারণ, পরিবর্তন বা বিকৃত করেন বা এই আইনের অধীন বরাদ্দ করা হয় নাই এইরূপ কোনো নিবন্ধন নম্বর বয়লারের গায়ে প্রতারাণমূলকভাবে অঙ্কিত বা সংযোজন করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪১। **বয়লার হস্তান্তর বা স্থানান্তর সংক্রান্ত ধারা ২৩ এর বিধান লঙ্ঘনের দণ্ড।**—যদি কোনো ব্যক্তি ধারা ২৩ লঙ্ঘন করিয়া কোনো বয়লার হস্তান্তর বা স্থানান্তর করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ১ (এক) বৎসরের কারাদণ্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪২। **বয়লার মেরামত সংক্রান্ত ধারা ২৪ এর বিধান লঙ্ঘনের দণ্ড।**—যদি কোনো ব্যক্তি ধারা ২৪ এ বর্ণিত শর্তাবলি ভঙ্গ করিয়া কোনো বয়লার মেরামত করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ১ (এক) বৎসরের কারাদণ্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৩। **নিবন্ধনপত্র, সনদ ও অন্যান্য দলিল উপস্থাপন সংক্রান্ত ধারা ২৬ এর বিধান লঙ্ঘনের দণ্ড।**—যদি কোনো ব্যক্তি ধারা ২৬ এ উল্লিখিত নিবন্ধনপত্র, সনদ ও অন্যান্য দলিল উপস্থাপন করিতে ব্যর্থ হন বা অস্বীকার করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ১ (এক) বৎসরের কারাদণ্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৪। **বয়লার দুর্ঘটনার প্রতিবেদন ও তদন্ত সংক্রান্ত ধারা ২৮ এর বিধান লঙ্ঘনের দণ্ড।**—যদি কোনো ব্যক্তি ধারা ২৮ এর উপ-ধারা (১) এ উল্লিখিত বয়লার দুর্ঘটনার তথ্য বা সংবাদ লিখিতভাবে প্রদান করিতে ব্যর্থ হন অথবা উপ-ধারা (৩) এ উল্লিখিত বয়লার দুর্ঘটনার কারণ, প্রকৃতি বা ব্যাপ্তি সম্পর্কে লিখিতভাবে যে তথ্য জানিতে চাওয়া হইবে উহা প্রদান করিতে ব্যর্থ হন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৫। **অপরাধের পুনঃসংঘটনের দণ্ড।**—কোনো ব্যক্তি এই আইনের অধীন কোনো অপরাধের জন্য দণ্ডিত হইবার পর পুনরায় একই অপরাধ সংঘটন করিলে তিনি উক্ত অপরাধের জন্য নির্ধারিত দণ্ডের দ্বিগুণ দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৬। **বিধি দ্বারা অপরাধ চিহ্নিতকরণ এবং দণ্ড নির্ধারণ।**—এই আইনের অন্যান্য বিধান সাপেক্ষে, বিধি দ্বারা কতিপয় অপরাধ চিহ্নিত এবং উক্ত অপরাধ সংঘটনের জন্য দণ্ড নির্ধারণ করা যাইবে, তবে এইরূপ দণ্ড এই আইনে বর্ণিত সর্বোচ্চ দণ্ডের অধিক হইবে না।

## দশম অধ্যায়

## অপরাধের বিচার, ইত্যাদি

৪৭। **অপরাধ বিচারার্থ গ্রহণ ও বিচার।**—(১) প্রধান বয়লার পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার লিখিত অভিযোগ ব্যতীত কোনো আদালত এই আইনের অধীন কোনো মামলা বিচারার্থ গ্রহণ করিবে না।

(২) এই আইনের অধীন অপরাধসমূহ প্রথম শ্রেণির জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

(৩) এই আইনের অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, ইহার অধীন অপরাধের অভিযোগ তদন্ত, আপিল ও বিচার সংক্রান্ত অন্যান্য বিষয়ে ফৌজদারি কার্যবিধির বিধানাবলি প্রযোজ্য হইবে।

৪৮। **অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতা।**—ফৌজদারি কার্যবিধির section 32 এ যাহা কিছুই থাকুক না কেন, প্রথম শ্রেনির জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এই আইনের ধারা ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫ ও ৪৬ এ উল্লিখিত পরিমাণ অর্থদণ্ড আরোপ করিতে পারিবেন।

৪৯। **কোম্পানি কর্তৃক অপরাধ সংঘটন।**—(১) কোনো কোম্পানি কর্তৃক এই আইনের অধীন কোনো অপরাধ সংঘটিত হইলে উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে, উক্ত কোম্পানির এইরূপ প্রত্যেক পরিচালক, ব্যবস্থাপক, অংশীদার, কর্মকর্তা ও কর্মচারী উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘঠিত হইয়াছে এবং উহা রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত কোম্পানি আইনগত সত্তা হইলে, উক্ত উপ-ধারায় উল্লিখিত ব্যক্তিকে অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা ছাড়াও উক্ত কোম্পানিকে পৃথকভাবে একই কার্যধারায় অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা যাইবে, তবে উহার উপর সংশ্লিষ্ট বিধান অনুসারে শুধু অর্থদণ্ড আরোপ করা যাইবে।

**ব্যাখ্যা।**—এই ধারায়—

(ক) 'কোম্পানি' অর্থে কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারি কারবার, সমিতি, সংঘ বা সংগঠনও অন্তর্ভুক্ত হইবে; এবং

(খ) বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে 'পরিচালক' অর্থে উহার কোনো অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্য অন্তর্ভুক্ত হইবে।

৫০। **মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর প্রয়োগ।**—আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর উদ্দেশ্য পূরণকল্পে, এই আইনের অধীন সংঘটিত অপরাধের ক্ষেত্রে, উক্ত আইনের তফসিলভুক্ত হওয়া সাপেক্ষে, মোবাইল কোর্ট দণ্ড আরোপ করিতে পারিবে।

**একাদশ অধ্যায়**

**বিবিধ**

৫১। **ক্ষমতা অর্পণ।**—প্রধান বয়লার পরিদর্শক, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, তৎকর্তৃক নির্ধারিত শর্তাধীনে, তাহার যে কোনো ক্ষমতা, অন্য কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

৫২। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৫৩। **কোড প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, বোর্ডের সুপারিশক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বয়লার নির্মাণ, আমদানি, স্থাপন, ব্যবহার ও মেরামত সংক্রান্ত কারিগরি বিষয়াদি নির্ধারণের জন্য বয়লার কোড নামে একটি কোড প্রণয়ন করিতে পারিবে।

৫৪। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Boilers Act, 1923 (Act No. V of 1923), অতঃপর রহিতকৃত আইন বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, রহিতকৃত আইনের অধীন—

(ক) প্রদত্ত বয়লারের নিবন্ধন সনদ এই আইনের বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে কার্যকর থাকিবে;

(খ) প্রণীত কোনো বিধি, প্রবিধান, জারিকৃত কোনো প্রজ্ঞাপন, আদেশ বা নির্দেশ এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে এবং আই আইনের অধীন রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে; এবং

(গ) অনিষ্পন্ন কার্যধারা রহিতকৃত আইনের অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত আইন রহিত হয় নাই।

৫৫। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

## উদ্দেশ্য ও কারণসংবলিত বিবৃতি

শিল্প কারখানায় বয়লার দুর্ঘটনার ঝুঁকি হ্রাস, বয়লার ব্যবহার সচেতনতা বৃদ্ধি, মানসম্মত বয়লার নির্মাণ, আমদানি ও রপ্তানি, বয়লার ব্যবহার ও পরিচালনায় নিরাপত্তা নিশ্চিতকরণ এবং শিল্প কারখানায় অধিকতর নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে (The Boilers Act, 1923 (Act No. V of 1923) রহিতক্রমে প্রয়োজনীয় সংশোধনপূর্বক যুগোপযোগী করিয়া 'বয়লার আইন, ২০২১' শীর্ষক বিলটি সংসদে উপস্থাপন করা হইল।

**নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**কে, এম, আব্দুস সালাম**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.